



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী

ওয়েব: www.rgcc.ac.bd, ই-মেইল: prin2388@yahoo.com, EIIN : 126489

ফোন : ০২৫৮৮৮৫০৩৮৮ (অধ্যক্ষ), ০২৪৭-৮১০১২৮ (অফিস) ফ্যাক্স : ০৭২১-৮১২৬৩২



তারিখ: ২৮ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০২৬ খ্রি.

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

বিষয়ঃ কলেজের নাম, ভবন, লগো ও দাপ্তরিক পরিচয় ব্যবহার করে অননুমোদিত ফেইসবুক পেইজ/ গ্রুপ পরিচালনা এবং বিভ্রান্তিকর/আপত্তিকর তথ্য প্রচার বন্ধকরণ প্রসঙ্গে।

সূত্রঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, এর স্মারক নং- ৩৭.০২.০০০০.০০০.১১৬.৯৯.০০০১.২৩.২১০, তারিখ: ০৪ অক্টোবর ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, সম্প্রতিক সময়ে বিভিন্ন ব্যক্তি/ ব্যক্তিবর্গ কর্তৃক রাজশাহী সরকারি সিটি কলেজ এর নাম, ভবন, লগো ও দাপ্তরিক পরিচয় ব্যবহার করে ফেইসবুক পেইজ/ গ্রুপ পরিচালনা করা হচ্ছে। এসব পেইজ/ গ্রুপের কোনটি কলেজ কর্তৃক অনুমোদিত বা পরিচালিত নয় এবং এসব পরিচালনার ক্ষেত্রে কলেজের কোন সংশ্লিষ্টতা নেই বা পূর্বানুমতি গ্রহণ করা হয়নি। প্রকৃতপক্ষে রাজশাহী সরকারি সিটি কলেজের **Rajshahi Govt. City College-1075&2502** অফিসিয়াল ফেইসবুক পেইজ নামে (রাজশাহী সরকারি সিটি কলেজ পরিবার (অফিসিয়াল) ফেইসবুক গ্রুপ ছিল যার কার্যক্রম এখন বন্ধ থাকবে) অফিসিয়াল ফেইসবুক পেইজ ছাড়া আর কোন অননুমোদিত ফেইসবুক পেইজ/ গ্রুপ নেই।

পরিলক্ষিত হচ্ছে যে, অননুমোদিত ফেইসবুক পেইজ থেকে কলেজের দাপ্তরিক সিদ্ধান্ত, আদেশ, বিজ্ঞপ্তি বা কার্যক্রম সম্পর্কে অননুমোদনহীন ও বিভ্রান্তিকর তথ্য প্রচার করা হচ্ছে। এ ছাড়াও কোন কোন পেইজ/ গ্রুপে ব্যক্তি বিশেষের বিরুদ্ধে অশালীন, মানহানিকর, আপত্তিকর ও অসত্য বক্তব্য এবং রাষ্ট্র ও সরকার সম্পর্কিত বিভিন্ন ধরনের অনভিপ্রেত বক্তব্য/ মন্তব্য প্রকাশ করা হচ্ছে। এধরনের কার্যক্রমের মাধ্যমে একদিকে যেমন সাধারণ শিক্ষক, কর্মকর্তা - কর্মচারী ও জনগণের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে, অন্যদিকে কাজের ভাবমূর্তিও দাপ্তরিক তথ্যের গ্রহণযোগ্যতা ক্ষুণ্ণ হচ্ছে।

এমতাবস্থায়, এ বিজ্ঞপ্তি প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে কলেজের পূর্বানুমোদন ব্যতীত কলেজের নাম, সংক্ষিপ্ত নাম, ভবন, লগো ও দাপ্তরিক পরিচয় ব্যবহার করে ফেইসবুক পেইজ/ গ্রুপ পরিচালনাসহ সকল কার্যক্রম বন্ধ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হলো। এ বিজ্ঞপ্তি জারির পরও ব্যক্তি/ ব্যক্তিবর্গ কর্তৃক রাজশাহী সরকারি সিটি কলেজ এর নাম, ভবন, লগো ও দাপ্তরিক পরিচয় ব্যবহার করে ফেইসবুক পেইজ/ গ্রুপ পরিচালনা এবং আইন বিরোধী বা অপত্তিকৃত কার্যক্রম অব্যাহত রাখা হলে কোন প্রকার অতিরিক্ত সতর্কীকরণ ব্যতিরেকে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রচলিত আইন, বিধি, নীতিমালা ও সরকারি নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রফেসর ড. মোঃ ইলিয়াছ উদ্দিন-৪৩৩৭

অধ্যক্ষ

রাজশাহী সরকারি সিটি কলেজ

রাজশাহী।

13/10/2026